

তুমি নীল ডানার ভ্রমর

সপ্তর্ষি বিশ্বাস

নীলঃ পতঙ্গো হরিতো লোহিতাঙ্ক—

স্তুভিদগর্ভ ঋতবঃ সমুদ্রাঃ। শ্বেতাশ্বতরোপনিষত্ ॥ ৪ ॥ ৪ ॥

তুমি নীল ডানার ভ্রমর।

সকল গল্পের তুমি একাকী কথক।

শুকপাখি।

নিদ্রাহীন লোহিতাঙ্ক তুমি

সবুজ পাতার ভিড়ে একা

জেগে থাকো পাতার মতন।

তুমি মেঘ। তুমি জল।

তড়িৎ-গর্ভ তুমি

জলধি ও স্বয়ং বিদ্যুৎ।

কুসুম ও পরাগ তুমি।

তুমি শেষ থলয়ের দূত।

ঋতু তুমি। ঋতুমতী তুমি।

বালক রাখাল আর

প্রিয় তার চারণের ভূমি।

জাত তুমি। তুমি অজাতও।

ধ্বনি তুমি। নীরবতা তুমি।

মৃত্যুহীন অথচ নশ্বর।

রাত্রির বিস্তার তুমি।

তুমি নীল ডানার ভ্রমর।

ইচ্ছে করে

বাগী চক্রবর্তী

আমার হাতে মশাল আলো আমি একা দেশান্তরে
যেমন আমার স্বপ্নে ঘেরা বিষম একা বসত বাড়ি
যেমন আমার সকাল বিকাল স্মৃতির ভারে অহংকারী
তেমন করে মধ্য নিশির জাগরণের আগে ও পরে
আমার ভীষণ ইচ্ছে করে ইচ্ছে এবং ইচ্ছে করে
কবিতা লিখে ছিঁড়ে ফেলি আবার লিখি নতুন করে

সুকুমার চৌধুরী-র দুটি কবিতা

রহস্য

একজন শিল্পী জানেন

অনুভবের কোনো অবয়ব নেই

তিনি তাকে তরলতর কোরতে চান

তিনি তাকে জলের মতো ব্যবহার করেন

মূর্ত হোলে খুশি হন

না হোলে বিমূর্ত থাকেন

একা ভারী একা আর তাঁর মুখে

লেগে থাকে বিষন্ন হাসির রহস্য

সম্পর্ক

ভয় মূল্য পায়। তবু প্রদাহবিহীন এই স্পর্শগুলি
রয়ে যায়। স্পর্শে তাদের আবহগুলি কাজ করে
যায়। কেউ বুঝতে পারে না।

আমরাও পরস্পর ছুঁয়ে থাকি। কোন উত্তরণ হয় না।

আঙুলগুলি ছোটো হয়ে আসে। স্পর্শগুলি ক্ষীণ।

ছুঁয়ে থাকি। ছুঁয়ে ছুঁয়ে থাকি। একান্ত হওয়ার

কথা ভাবতে পারি না।